65

দৈনিক ইনকিলাব

তারিখ ... 27 JAN 1994
পৃষ্ঠা ৫ কলাম ৫

## মাননীয় শিক্ষামন্ত্রী ও প্রাথমিক শিক্ষা অধিদফতর সমীপে

বেশ কিছুদিন আগে ঢাকা বিভাগের ১৯৯৩ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়ে গেল। উক্ত পরীক্ষার মধ্যে অংক বিষয়ের ৩ নং অংকটি ভুল ছিল। ভুল থাকা সত্ত্বেও অনেক ছাত্র/ছাত্রী উক্ত অংকটির সঠিক উত্তর দিতে সক্ষম হয়েছে।

আজ কয়েক দিন হয় জানতে পারলাম যে, যাদের অংকটি হয়েছে তাদেরকেও নাম্বার দেয়া হবে না। অর্থ দাঁড়ায় অংক প্রশ্নের মোট মান ৯০ হিসাবে নাম্বার দেয়া হবে। এখন প্রশ্ন যারা অতি কষ্ট করে মস্তিষ্ক খাটিয়ে অংকটির সঠিক উত্তর দিতে সক্ষম হয়েছে তাদেরকেও নাম্বার না দেয়া হলে প্রকৃত মেধার যাচাই তো আর হলো না।

এমতাবস্থায় কর্তৃপক্ষ সমীপে আবেদন এই যে, উক্ত (৩নং) অংকের নাম্বার দেয়া হোক তাদেরকেই যাদের অংকটি ডাক অনুযায়ী ফলাফল সঠিক হয়েছে।

—মোঃ শহীদুল্লাহ,
চরশোলাকিয়া, ঈদগাহ রোড,
বাসা নং-৬০২/১, কিশোরগঞ্জ।